* নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

১। অনাগত বিধাতা-র কী বিশেষ গুন ছিল?

উ:- অনাগত বিধাতা নামক শোল মাছটির বিশেষ গুন ছিল এই যে কোনো বিপদ হবার আগেই সে উপায় বের করে রাখত।

২। 'প্রত্যুৎপন্নমতি'-র কী বিশেষ গুন ছিল?

উ:- 'প্রত্যুৎপন্নমতি নামক শোল মাছটির বিশেষ গুণ ছিল এই যে কোন বিপদ উপস্থিত হলে সে ঢের বুদ্ধি খাটিয়ে তা দূর করত।

৩। প্রত্যুৎপন্নমতি কীভাবে প্রাণে বেঁচেছিল?

উ:- পুকুরের জল শুকিয়ে গেলে জেলেরা এক-একটি করে মাছ ধরে দড়িতে গাঁথতে লাগল। প্রত্যুৎপন্নমতি তখন চুপিচুপি জেলেদের সেই দড়িতে গাঁথা মাছগুলির মধ্যে ঢুকে এমনভাবে দড়িটা কামড়ে ধরেছিল দেখে মনে হচ্ছিল যেন সে দড়িতে গাঁথা রয়েছে। এরপর সেই কাদা-মাখা মাছগুলিকে ধুয়ে পরিষ্কার করার জন্য জেলেরা সেই মাছসুদ্ধ দড়িটা অন্য একটি বড়ো পুকুরের গভীর জলে ডোবানোমাত্র প্রত্যুৎপন্নমতি দড়ি ছেড়ে পালিয়ে গিয়েছিল। এইভাবে সে প্রানে বেঁচেছিল।

বাড়ির কাজ :

'তিন মাছের কথা' গল্পে উল্লিখিত তিনটি মাছের মধ্যে কোন্ দুটি মাছ বিপদ থেকে নিজেদের রক্ষা করতে পেরেছিল? কোনো বিপদের কথা জানতে পারলে তুমি কিভাবে নিজেকে রক্ষা করবে একটি ঘটনার কথা উল্লেখ করে লেখ।

Scanned with CamScanner